গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

নং-৫৮.০২.০০০০.০০৮.০১৮.০০৯.১৯- ৯৩ তারিখ : ২২/০৩/২০২২

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২২ উদযাপন উপলক্ষ্যে মাদক বিরোধী কর্মকান্ডে এনজিওদের কার্যক্রম মূল্যায়ণ উপ-কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	মোঃ মাসুদ হোসেন পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
সভার তারিখ ও সময়	:	১৬ মার্চ ২০২২, সকাল ১০:০০ ঘটিকা।
সভার স্থান	:	লাইব্রেরী কক্ষ (লেভেল-৩)
সভায় উপস্থিতি	:	**পৃথক কাগজে সংরক্ষিত।**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বলেন, প্রতি বছর ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষ্যে মাদক নিরোধ শিক্ষা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট এনজিওদের মাদকবিরোধী প্রচারনা ও সামাজিক উদ্বুদ্ধকরণ এবং মাদক বিষয়ক বিভিন্ন গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য ০৩টি, মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহের কার্যক্রমে উল্লেখযোগ্য অবদানের জন্য ০৩টি এবং ২৬ জুন ঢাকায় অনুষ্ঠেয় মানববন্ধন ও র‌্যালীতে অংশগ্রহণকারীদের মধ্যে থেকে ০৩টি প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান করা হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এ বছরও এনজিও এবং মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহের সার্বিক কর্মকান্ড মূল্যায়ণপূর্বক বিষয়ভিত্তিক পুরস্কার প্রদান করা হবে। তিনি আরো বলেন, করোনা ভাইরাস মহামারীর কারণে ২০২০ এবং ২০২১ সালে একার্যক্রম পরিচালিত হয়নি।

সভাপতি ২০২২ সালে এ মূল্যায়ণ সংক্রান্ত কার্যক্রম কিভাবে সুচারুরূপে সম্পন্ন করা যায়, সে বিষয়ে সুচিন্তিত মতামত প্রদানের জন্য সম্মানিত সদস্যদেরকে অনুরোধ করেন। আলোচনায় অংশগ্রহণ করে সদস্যগণ আবেদন আহবানের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, আবেদন দাখিলের সর্বশেষ তারিখ নির্ধারণ, আবেদনের সাথে কি কি সংযুক্তি দিতে হবে, যাচাই-বাছাই কিভাবে করা হবে ইত্যাদি বিষয়ে মতামত প্রদান করেন। উপস্থাপিত মতামতসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহঃ

১। শুধুমাত্র মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত মাদকবিরোধী কর্মকান্ডে নিয়োজিত এনজিওদের কার্যক্রম বিবেচনায় নেয়া হবে।

২। নিবন্ধিত এনজিওসমূহের ২০২১ পঞ্জিকা বছরে মাদক বিরোধী জনসচেতনতামূলক কার্যক্রম যেমন- সভা, সেমিনার, মানববন্ধন, র‌্যালী, গবেষনামূলক প্রকাশনা, পোষ্টার, স্টীকার, ফেস্টুন, প্রকাশনা, বই, অনলাইন ওয়েবিনার ইত্যাদি পর্যালোচনা করা হবে।

৩। মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রে ২০২২ পঞ্জিকা বছরে যে সমস্ত মাদকাসক্ত রোগীদের আন্তঃবিভাগ ও বহির্বিভাগে চিকিৎসা দেয়া হয়েছে তার বিস্তারিত তথ্য, ফলোআপ রোগীর তথ্য, নিরাময় কেন্দ্রের আয়তন ও **ভৌত** সুবিধার তথ্য, চিকিৎসক, মনোচিকিৎসক, কাউন্সিলর, অন্যান্য জনবলের তথ্য, নিরাময় কেন্দ্রে মানসিক বিনোদনের

জন্য অভ্যন্তরীণ খেলাধুলাসহ অন্যান্য ব্যবস্থা, নিরাময় কেন্দ্রে জীবন রক্ষাকারী উপকরণাদি ও অত্যাবশ্যক ঔষধ পত্রাদির বিবরণ, সিসিটিভি ক্যামেরা স্থাপন ইত্যাদির তথ্য ও ছবিসহ আবেদন করতে হবে।

৪। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে মহাপরিচালক বরাবর নির্ধারিত ছকে আবেদন করে তা আগামী ১০/০৫/২০২২ তারিখের মধ্যে পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বরাবর প্রেরণ করতে হবে।

৫। আগামী ২৮ মার্চ ২০২২ তারিখের মধ্যে আবেদন আহবান সংক্রান্ত বিজ্ঞপ্তি ২টি বহুল প্রচারিত বাংলা পত্রিকায় প্রকাশ এবং অধিদপ্তরের ওয়েবসাইটে বিস্তারিত তথ্য প্রকাশ করা হবে।

৬। আবেদন প্রাপ্তির পর প্রয়োজনে সংশ্লিষ্ট জেলা/ মেট্রোঃ কার্যালয়ের কর্মকর্তা দ্বারা প্রতিষ্ঠানসমূহ সরেজমিন পরিদর্শন করিয়ে প্রাপ্ত তথ্যাদি যাচাই করে নিতে হবে।

৭। দিবসটি উদযাপন উপলক্ষ্যে ২৬ শে জুন ২০২২ তারিখে অনুষ্ঠেয় মানববন্ধন ও র‍্যালীতে উপস্থিত প্রতিষ্ঠানসমূহের উপস্থিতির সংখ্যা, সজ্জিতকরণ (ব্যানার, শ্লোগান, ফেস্টুন) শৃঙ্খলা, উপস্থাপনা ইত্যাদি বিবেচনা করে উপ-কমিটি কর্তৃক ১ম, ২য় ও ৩য় স্থান নির্ধারণ করা হবে।

৮। বর্ণিত ০৩ (তিন) টি ক্যাটাগরির প্রতিটিতে ৩ (তিন) টি করে মোট-০৯ (নয়) টি ক্রেস্ট ও সনদ প্রস্তুত ও সরবরাহের দায়িত্বে থাকবেন উপপরিচালক, ঢাকা মেট্রো (উত্তর) কার্যালয়, ঢাকা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.০৩.২০২২

(মোঃ মাসুদ হোসেন)
পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
ফোনঃ ০২-৪৮৩২২১৯৬
E-mail: dirtr@dnc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ।
২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা
৩। সিষ্টেম এনালিষ্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪। রেসিডেন্ট সাইকিয়াট্রিষ্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা ।
৫। উপপরিচালক (নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ।
৬। সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন/স্টাফ অফিসার), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, ইউএনওডিসি, আইডিবি ভবন, ঢাকা।
৮। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এঁর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এঁর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অফিস কপি।